

# পদত্যাগ করলেন ঢাবির সহকারী প্রক্টর শেহরীন মোনামি

অনলাইন ডেস্ক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর পদ থেকে পদত্যাগ করেছেন অধ্যাপক শেহরীন আমিন ভূঁইয়া (মোনামি)। সোমবার (১১ মে) সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি বিষয়টি নিশ্চিত করেন।

এর আগে একই দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর পদ থেকে অধ্যাপক সাইফুদ্দীন আহমদ পদত্যাগ করেন।

ফেসবুক পোস্টে শেহরীন আমিন ভূঁইয়া লেখেন, 'I have officially resigned from my position as the Assistant Proctor at the University of Dhaka.'

তিনি জানান, শিক্ষকতাজীবনের সাত বছরে কখনোই প্রশাসনিক দায়িত্ব নেওয়ার ইচ্ছা ছিল না তার।

তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করলেও প্রশাসনিক দায়িত্ব গ্রহণের পরিকল্পনা ছিল না বলে উল্লেখ করেন।

তবে ২০২৪ সালের ২৮ আগস্ট তৎকালীন প্রক্টর সাইফুদ্দীন আহমদের ফোন পাওয়ার পর তিনি দায়িত্ব নেওয়ার বিষয়ে আগ্রহী হন বলে জানান।

## পড়ুন



নেপালের বিমানবন্দরে টার্কিশ এয়ারলাইনসের উড়োজাহাজে আগুন

নিজের পোস্টে তিনি লিখেছেন, ‘আমি সামান্য লেকচারার, তার চেয়েও সামান্য একজন মানুষ, এত বড় দায়িত্ব, যা সচরাচর একটু সিনিয়র শিক্ষকরা পান, সেই দায়িত্বে আমি!!’

সাবেক প্রক্টরের প্রতি শ্রদ্ধা জানিয়ে তিনি আরো লেখেন, গত দুই বছরে সাইফুদ্দীন আহমদের কাছ থেকে তিনি শিখেছেন কিভাবে ধৈর্য ও

সংযমের সঙ্গে পরিস্থিতি মোকাবেলা করতে হয়  
এবং শিক্ষার্থীদের আগলে রাখতে হয়।

জুলাই আন্দোলন-পরবর্তী সময়কে ‘অভূতপূর্ব’  
অভিজ্ঞতা হিসেবে উল্লেখ করে তিনি বলেন,  
এমন পরিস্থিতি আগে কোনো প্রক্টর বা তার  
টিমকে মোকাবেলা করতে হয়নি বলে তার  
ধারণা।

## পড়ুন



সাগরে লঘুচাপ, দেশজুড়ে ঝরবে  
বজ্রবৃষ্টি

নতুন প্রক্টর ও তার টিমকে শুভ কামনা জানিয়ে  
পোস্টের শেষাংশে তিনি লেখেন, ‘It was an  
absolute honour to serve with my team and  
under the leadership of our Proctor Saifuddin  
Ahmed sir.’

এ ছাড়া তিনি আরো লেখেন, ‘Congratulations to  
our new Proctor and his team. Wishing this  
team all the best in carrying out this significant  
responsibility.’

